

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জনসংখ্যা -১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়
www.mohfw.gov.bd

- বিষয় : স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ৫ম সভার (নভেম্বর ২০১৭) কার্যবিবরণী।
- সভাপতি : কাজী আ. খ. ম. মহিউল ইসলাম
অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) ও চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- তারিখ ও সময় : ০৬/১১/২০১৭, বিকাল : ৩.০০টা
- স্থান : অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের দাপ্তরিক কক্ষ (কক্ষ নং-২২২, ভবন নং-৩, ৩য় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)

উপস্থিতির তালিকা- পরিশিষ্ট - "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্বের পর সভাপতি ইনোভেশন টিমের আজকের সভার বিষয়ে স্বাগত বক্তব্য রাখেন।

২. **আলোচনা :**

- ২.১ সভাপতি মহোদয়ের আহবানের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ইনোভেশন টিমের সদস্য-সচিব জনাব এস, এম, আহসানুল আজিজ, উপসচিব (জনসংখ্যা-১) ইনোভেশন টিমের গত সভার সিদ্ধান্তসমূহ এবং আজকের সভার আলোচ্য বিষয়বস্তু অবহিত করেন। তিনি বলেন যে, এ বিভাগের এবং তার অধিনস্থ পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও নিপোর্ট এর আওতায় উদ্ভাবন বিষয়ক কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা আজকের সভার মূল আলোচ্য বিষয়।
- ২.২ সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে জাতীয় গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর সহকারী পরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমান নিপোর্টের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা চূড়ান্তকরণের অগ্রগতি এবং এর অন্তর্গত প্রশিক্ষণার্থী ডাটাবেইজ প্রণয়নের অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করেন।
- ২.৩ অতঃপর সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের প্রতিনিধি জনাব আবুল কালাম আজাদ, লজিস্টিক মনিটরিং অফিসার পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বৎসরের উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্গত বিষয় সমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন।
- ২.৪ আলোচনায় অংশ নিয়ে সভাপতি মহোদয়সহ অন্যান্য সদস্যগণ নিপোর্ট এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতায় উদ্ভাবন কার্যক্রম বিষয়ে মতামত ব্যক্ত করেন।

পাতা ১/২

৩. **সিদ্ধান্ত :**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ৩.১ নিপোর্ট এর ২০১৭-২০১৮ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা আগামী ৭দিনের মধ্যে চূড়ান্ত করত: এ বিভাগে প্রেরণ করতে হবে।
- ৩.২ নিপোর্ট এর উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ন্তগত "প্রশিক্ষণার্থী ডাটাবেজ প্রণয়ন" এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ন্তগত "গার্মেন্টস ভিত্তিক স্যাটেলাইট ক্লিনিক" বিষয়ক উদ্ভাবন পরিকল্পনা ২টি সুষ্ঠুভাবে এবং যথাসময়ে সম্পন্নের নিমিত্ত প্রতিটি বিষয়ে করণীয় কার্যাদি সম্পন্নের সময়সীমা নির্ধারণ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৪। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

৯/১১/২০১৭

(কাজী আ.খ.ম. মহিউল ইসলাম)

অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)

ও

চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম


স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.১১৪.০৬১.০০.০০.০১২.২০১৭- ১৬৫

তারিখ: ১২/১১/২০১৭

বিতরণ :সদয় অবতির ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (দৃ:আ: ইনোভেশন অফিসার)
- ২। মহাপরিচালক, নিপোর্ট, ১৩/১, শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা (দৃ: আ: ইনোভেশন অফিসার)
- ৩। জনাব গৌতম কুমার, উপসচিব (প্রবা) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, আপকম
- ৪। ডা: মো: সরোয়ার বারী, উপসচিব (বাজেট) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, আপকম
- ৫। জনাব মোহাম্মদ আবদুছ সালাম, উপপ্রধান (পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, আপকম
- ৬। কামরুন নাহার সুমি, সহকারী প্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, আপকম
- ৭। জনাব আবুল কালাম আজাদ, লজিস্টিক মনিটরিং অফিসার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
- ৮। মাহফুজুর রহমান, সহকারী পরিচালক, নিপোর্ট, ১৩/১, শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়


১২/১১/২০১৭
(এস, এম, আহসানুল আজিজ)
উপসচিব (জনসংখ্যা-১) ও
সদস্য- সচিব, ইনোভেশন টিম
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

পাতা ২/২